


## মস্কোতে ভয়াবহ ডোন হামলা, ৪ বিমানবন্দর বন্ধ

- A Monitor Desk Report

Date: 06 May, 2025



ঢাকাঃ রাশিয়া অভিযোগ করেছে, ইউক্রেন টানা দুই রাত মস্কোয় ডোন হামলা চালিয়েছে। এ পরিস্থিতিতে নিরাপত্তাজনিত কারণে রাজধানীর ৪টি প্রধান বিমানবন্দর সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে বলে জানিয়েছে রাশিয়ার বেসামরিক উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ, রোসাভিয়াতসিয়া।

সংস্হাটি সামাজিক যোগাযোগমাধ্যম টেলিগ্রামে দেওয়া এক বিবৃতিতে জানায়, হামলার ঝুঁকি মোকাবিলায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মস্কোর পাশাপাশি, পেনজা এবং ভোরোনেজ-সহ অন্যান্য রাশিয়ান শহরের গভর্নররাও বলেছেন, ৪টি প্রধান বিমানবন্দর ভনুকোভো, দোমোদেদোভো, শেরেমেতিয়েভো এবং কুকোভস্কি অস্থায়ীভাবে বন্ধ রাখা হয়েছে।

রাশিয়ান সামরিক স্র্গারদের অসমর্থিত প্রতিবেদনে বলা হয়েছে যে মস্কোর দক্ষিণে একটি অ্যাপার্টমেন্টের জানালা ডোন হামলায় ভেঙে গেছে। টানা দ্বিতীয় রাতের মতো রাশিয়া ইউক্রেনের ডোন হামলার খবর দিলো। এর আগে সোমবার (৫ মে) রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায় তারা রাতভর ২৬টি ইউক্রেনীয় ডোন ধ্বংস করেছে।

ইউক্রেন এ বিষয়ে এখনো কোনো মন্তব্য করেনি। তবে খারকিভের মেয়র দাবি করেছেন, রাশিয়াও রাতে তার শহরে এবং কিয়েভেল'র আশপাশে ডোন হামলা চালিয়েছে।

৩ বছরেরও বেশি সময় আগে ইউক্রেনে রাশিয়ার পূর্ণ মাত্রার আক্রমণের পর কিয়েভ মস্কোর ওপর বেশ কয়েকবার ডোন হামলা চালিয়েছে। মার্চ মাসে তাদের সবচেয়ে বড় ডোন হামলায় ৩জন নিহত হয়।

সোমবার ইউক্রেনীয় সেনারা রাশিয়ার কুরস্ক অঞ্চলে অগ্রসর হওয়ার চেষ্টা করছে— এমন খবর প্রকাশের পর মস্কোয় ডোন হামলার বিষয়টি সামনে এলো। ইউক্রেনীয় সামরিক কর্মকর্তাদের বরাত দিয়ে কিয়েভ জানিয়েছে, তারা রবিবার (৪ মে) রাশিয়ার কুরস্ক অঞ্চলে টিওটকিনো গ্রামের কাছে একটি ডোন কমান্ড ইউনিটে আঘাত করেছে।

গত এপ্রিল মাসে, মস্কো বলেছিল যে ইউক্রেনীয় বাহিনী আকস্মিক আক্রমণ শুরু করার৯মাস পর তারা পুরো অঞ্চলের নিয়ন্ত্রণ ফিরে পেয়েছে। তবে কিয়েভ জোর দিয়ে বলেছে যে সীমান্ত পেরিয়ে এখনো তাদের সেনারা কাজ করছে।

-B